গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা
www.rajshahidiv.gov.bd

**মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত মার্চ, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | **২১ মার্চ, ২০২৪ খ্রি:** |
| সভার সময় | **দুপুর ১২:৪৫ টা** |
| স্থান | বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ, রাজশাহী |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি "মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি রাজশাহী বিভাগের বগুড়া জেলার শেরপুর এবং সিরাজগঞ্জ জেলার চৌহাল উপজেলাকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার কার্যক্রম গ্রহণ করায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও তিনি উল্লেখ করেন যে, চলমান গৃহের নির্মাণ কাজ আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত নির্দেশনা ও সর্বশেষ প্রাপ্ত প্রাক্কলন, ডিজাইন এবং স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।

**২. পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

সভায় ফেব্রুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

**৩. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিঃ**

ফেব্রুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

| ক্র: নং | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ০১ | ১৯/০২/২০২৪ খ্রি: | ৫ টি | ৪ টি | ৮০% |

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী বিভাগ, রাজশাহী সকল জেলা হতে প্রাপ্ত ভূমিহীন-গৃহহীন "ক"-শ্রেণির পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন-গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় অবহিত করেন। তিনি জানান, রাজশাহী বিভাগে ভূমিহীন-গৃহহীন পরিবারর সংখ্যা ৩২,৪৬৩ টি (জেলা প্রশাসকদের প্রেরিত ফেব্রুয়ারি, ২০২৪ মাসে তথ্য অনুযায়ী হালনাগাদকৃত)। ১ম থেকে ৫ম পর্যায় পর্যন্ত পুনর্বাসিত পরিবারের সংখ্যা ৩২০৫৫ টি। ৫ম পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত ৪৭৯ টি গৃহের নির্মাণ কাজ শুরু হয়েছে, যার গড় অগ্রগতির হার ৭০.৫৫%। অতঃপর সভায় নিম্নরূপ তথ্যাদি উপস্থাপিত হয়:

**আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় পুনর্বাসন সংক্রান্ত তথ্য**

**ছক-"ক"**

| জেলার নাম | উপজেলার নাম | বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা | অবশিষ্ট "ক" শ্রেণির পরিবারের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়েছে এমন গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়নি এমন গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু না হওয়ার কারণ | নির্মাণ কাজ শুরু না হওয়া গৃহের নির্মাণ কাজ কত তারিখ হতে শুরু হবে | ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণার পরিকল্পনা | নির্মাণ কাজের গড় অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নাটোর | নাটোর সদর | ২০০ | - | ২০০ | - | - | - | ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষিত | ৪০% | |
| | সিংড়া | ৪০ | - | ৪০ | - | - | - | ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষিত | ১০০% | |
| **জেলার মোট** | | **২৪০** | - | **২৪০** | - | - | - | ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষিত | **৫০%** | |
| সিরাজগঞ্জ | বেলকুচি | ৬৭ | ০ | ৬৭ | ০ | ০ | - | ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষিত | ৯৫% | |
| | চৌহালী | ১২৭ | ২৪ | ১০৭ | ২০ | - | - | গত ১৯/০৩/২০২৪ তারিখে ২০ টি গৃহের বরাদ্দ প্রদান করায় ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণার কার্যক্রম চলমান রয়েছে। | ৫৯.৬৭% | উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে অবশিষ্ট ২৪টি ভূমিহীন-গৃহহীন পরিবারের তালিকা যাচাই-বাছাই এর কার্যক্রম চলমান রয়েছে। |
| **জেলার মোট** | | **১৯৪** | **২৪** | **১৭৪** | **২০** | - | - | - | **৭০.২৫%** | |
| বগুড়া | শেরপুর | ৪৫ | ০ | ২৫ | ২০ | - | - | গত ১৯/০৩/২০২৪ তারিখে ২০ টি গৃহের বরাদ্দ প্রদান করায় ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণার কার্যক্রম চলমান রয়েছে। | ৯১.৪০% | |
| **বিভাগের মোট** | | **৪৭৯** | **২৪** | **৪৩৯** | **৪০** | **০** | - | - | - | - |

**পুরাতন জরাজীর্ণ ব্যারাক প্রতিস্থাপনের জন্য বরাদ্দকৃত**

**একক গৃহ নির্মাণ সংক্রান্ত তথ্য**

**ছক-“খ”**

| জেলার নাম | উপজেলার নাম | বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়েছে এমন গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়নি এমন গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু না হওয়ার কারণ | নির্মাণ কাজ শুরু না হওয়া গৃহের নির্মাণ কাজ কত তারিখ হতে শুরু হবে | নির্মাণ কাজের গড় অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| রাজশাহী | গোদাগাড়ী | ৯০ | ৭৭ | ১৩ | - | - | ২৬.২৩% | |
| নওগাঁ | সাপাহার | ৭০ | ৭০ | ০ | - | - | ১০০% | |
| নাটোর | সদর | ২৬৫ | ২৬৫ | ০ | - | - | ২০% | |
| | সিংড়া | ৪০ | ৪০ | ০ | - | - | ৬৫% | |
| | গুরুদাসপুর | ১৯৮ | ১৯৮ | ০ | - | - | ২৬% | |
| | বড়াইগ্রাম | ৮০ | ৮০ | ০ | - | - | ৪০% | |
| | লালপুর | ১৪৯ | ১৪৯ | ০ | - | - | ৫০% | |
| | বাগাতিপাড়া | ৪০ | ২৯ | ১১ | আশ্রয়ণ প্রকল্পের গৃহনির্মাণের মালামাল সংরক্ষণের বিকল্প স্থান না থাকায় মালামাল সংরক্ষণের জন্য অস্থায়ী ভাবে ব্যবহৃত হচ্ছে। | ২২/০৩/২০২৪ | ২৭% | |
| | জেলার মোট | ৭৭২ | ৭৬১ | ১১ | - | - | ৩০% | |
| সিরাজগঞ্জ | উল্লাপাড়া | ৩০ | ০ | ৩০ | - | - | - | গত ১৯/০৩/২০২৪ তারিখে ৩০ টি একক গৃহ নির্মাণের বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| বগুড়া | বগুড়া সদর | ২০০ | ১৫৫ | ৪৫ | - | | | গত ২২/০২/২০২৪ তারিখে ৯০ টি একক গৃহ নির্মাণের বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| জয়পুরহাট | পাঁচবিবি | ২০ | ২০ | ০ | - | - | ১০০% | |
| **বিভাগের মোট** | **১১ টি** | **১১৮২** | **১০৮৩** | **৯৯** | - | - | | |

**৪। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:**

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১। | গৃহ উদ্বোধন | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য ৫ম পর্যায়ে নির্মিত ঘরসমূহে পুনর্বাসনের লক্ষ্যে চিহ্নিত ভূমিহীন-গৃহহীন (“ক”-শ্রেণি) পরিবারের অনুকূলে বাড়ীসহ জমি বন্দোবস্ত প্রদান, কবুলিয়ত সম্পাদন ও নামজারি খতিয়ান সৃজনসহ আনুষাঙ্গিক কার্যাদি সম্পন্নের বিষয়ে আলোচনা করা হয়। | ৫ম পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ কাজ শেষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে উদ্বোধনের জন্য প্রস্তুত রাখতে হবে। | জেলা প্রশাসক, বগুড়া, নাটোর ও সিরাজগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণা | সিরাজগঞ্জ জেলার চৌহালী ও বগুড়া জেলার শেরপুর উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে চিহ্নিত সকল ভূমিহীন-গৃহহীন ("ক"-শ্রেণি) পরিবারকে পুনর্বাসনের মাধ্যেমে রাজশাহী বিভাগকে ভূমিহীন-গৃহহীনমুক্ত বিভাগ ঘোষণার বিষয়ে আলোচনা করা হয়। | সিরাজগঞ্জ জেলার চৌহালী ও বগুড়া জেলার শেরপুর উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | জেলা প্রশাসক, বগুড়া ও সিরাজগঞ্জ |
| ৩। | সমস্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ ও যথাযথ ব্যবস্থা গ্রহণ | নির্মিত গৃহ এবং বসবাসরত উপকারভোগীদের বিভিন্ন সমস্য নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও বরাদ্দ প্রাপ্ত গৃহে উপকারভোগী পরিবারের বসবাস নিশ্চিত করার বিষয়েও আলোচনা করা হয়। কোন উপকারভোগী নিজ নামে বরাদ্দকৃত গৃহে বসবাস না করলে কিংবা বসবাস করতে অনিচ্ছুক হলে এবং নির্মিত গৃহের কোন সমস্য দেখা দিলে দ্রুত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | কোন উপকারভোগী নিজ নামে বরাদ্দকৃত গৃহে বসবাস না করলে কিংবা বসবাস করতে অনিচ্ছুক হলে বিধি মোতাবেক তার বরাদ্দ বাতিল করে নতুন কোন ভূমিহীন-গৃহহীন পরিবারকে পুনর্বাসন করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৪। | জরাজীর্ণ ব্যারাক প্রতিস্থাপন করে একক গৃহ নির্মাণ | আশ্রয়ণ প্রকল্পের আওতায় নির্মিত গুচ্ছগ্রাম, ব্যারাক যে গুলো জরাজীর্ণ হয়ে পড়েছে, সে সকল গৃহ প্রতিস্থাপন করে একক গৃহ নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। | জরাজীর্ণ ব্যারাক প্রতিস্থাপন করে একক গৃহ নির্মাণের চাহিদা আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১-০৩-২০২৪

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২৪.৩৭৫

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩। প্রকল্প পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৫। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ;
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী বিভাগ;
৭। সহকারী কমিশনার (ভূমি), রাজশাহী বিভাগ, রাজশাহী এবং
৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।

৩১-০৩-২০২৪
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা